



স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
জেলা সমবায় কার্যালয়, কিশোরগঞ্জ  
cooperative.kishoreganj.gov.bd

স্মারক নম্বর: ৪৭.৬১.৪৮০০.০০০.৯৯.৪৮৫.২২.৭৮২

তারিখ: ৪ বৈশাখ ১৪৩০ বঙ্গাব্দ  
১৭ এপ্রিল ২০২৩ খ্রিস্টাব্দ

**বিষয়: ডট মাল্টিপারপাস কো-অপারেটিভ সোসাইটি লিঃএর নিবন্ধন বাতিল প্রসংগে।**

সূত্র: উপজেলা সমবায় অফিসার করিমগঞ্জ, কিশোরগঞ্জ এর স্মারক নং-১৭২, তাং ০৩/১০/২০২২ খ্রিঃ

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ডট মাল্টিপারপাস কো-অপারেটিভ সোসাইটি লিঃ, নিবন্ধন নং-১৫৮, তারিখ-৩০/১২/২০১৯ খ্রিঃ গ্রামঃনয়াকান্দি(পশ্চিম পাড়া), ডাকঘরঃ করিমগঞ্জ, উপজেলাঃ করিমগঞ্জ, জেলাঃ কিশোরগঞ্জ এর কার্যক্রম দীর্ঘদিন যাবত বন্ধ থাকায় সমিতিটি অকার্যকর বিধায় উপজেলা সমবায় অফিসার, করিমগঞ্জ, কিশোরগঞ্জ তার কার্যালয়ের স্মারক নং-১৭২, তারিখ- ০৩/১০/২০২২ খ্রিঃ মূলে অত্র সমিতির নিবন্ধন বাতিলের জন্য সুপারিশ করায় অত্র কার্যালয়ের স্মারক নং-১৯৫৫/১(২), তারিখ- ১৭/১০/২০২২ খ্রিঃ মূলে আপনাকে কারণ দর্শানোর নোটিশ প্রদান করা হয়েছিল, কিন্তু আপনি অদ্যাবধি এর কোন জবাব/ব্যাখ্যা অত্র কার্যালয়ে দাখিল করেন নাই।

এমতাবস্থায় বর্ণিত কারণে সমবায় সমিতি আইন, ২০০১(সংশোধিত ২০০২ ও ২০১৩) এর ৫৩ (ঙ) ও (চ) ধারা মোতাবেক সমিতিটির নিবন্ধন বাতিলযোগ্য বিধায় এতদ্বারা উল্লেখিত সমিতিটির নিবন্ধন বাতিল করা হলো।

১৭-০৪-২০২৩

উস্মে মরিয়ম

জেলা সমবায় কর্মকর্তা

০৯৪১-৬১৭৩২

dco.kishoreganj@coop.gov.bd

জাহাঙ্গীর কবির পলাশ, সম্পাদক ডট মাল্টিপারপাস কো-অপারেটিভ সোসাইটি লিঃ, গ্রামঃনয়াকান্দি(পশ্চিম পাড়া), ডাকঘরঃ করিমগঞ্জ, উপজেলাঃ করিমগঞ্জ, জেলাঃ কিশোরগঞ্জ।

স্মারক নম্বর: ৪৭.৬১.৪৮০০.০০০.৯৯.৪৮৫.২২.৭৮২/১ (১)

তারিখ: ৪ বৈশাখ ১৪৩০ বঙ্গাব্দ  
১৭ এপ্রিল ২০২৩ খ্রিস্টাব্দ

**সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে:**

১। উপজেলা সমবায় অফিসার, করিমগঞ্জ, কিশোরগঞ্জ তাকে পত্র প্রাপ্তি নিশ্চিত করার জন্য বলা হল।।



A handwritten signature in black ink on a light grey rectangular background.

১৭-০৪-২০২৩

উম্মে মরিয়ম

জেলা সমবায় কর্মকর্তা